



বিআরপিডি সার্কুলার নং-২১

১৬ সেপ্টেম্বর ২০২১

তারিখঃ -----

১ আশ্বিন ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণকে বিধি-বহির্ভূতভাবে চাকুরীচ্যুতকরণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ২৮ মে ২০১৫ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭ এবং ১৮ জুন ২০২০ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-৩২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭/২০১৫ এর মাধ্যমে ব্যাংক কর্তৃক ইচ্ছামাফিক ঢালাওভাবে কর্মকর্তা-কর্মচারী ছাঁটাই রদ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। অন্যদিকে, বিআরপিডি সার্কুলার লেটার নং-৩২/২০২০ এর মাধ্যমে কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতিতে সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজসমূহের যথাযথ বাস্তবায়ন এবং কাংশিত জিডিপি প্রবৃদ্ধি অর্জনের নিমিত্ত ব্যাংক কর্মকর্তা-কর্মচারীগণ যাতে অধিকতর উজ্জীবিত হয়ে অগ্রগণ্য ভূমিকা পালন করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু সম্প্রতি কিছু সংখ্যক ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে এ মর্মে অভিযোগ পাওয়া গেছে যে, সুনির্দিষ্ট ও প্রমাণিত কোন অভিযোগ না থাকা সত্ত্বেও কোভিডকালীন শুধুমাত্র লক্ষ্যমাত্রা অর্জন না করা বা অদক্ষতার অজুহাতে কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরীচ্যুত করা হচ্ছে ও চাকুরী হতে পদত্যাগে বাধ্য করা হচ্ছে এবং কোন কোন ক্ষেত্রে পদত্যাগ করার পর কর্মকর্তা-কর্মচারীগণকে প্রাপ্য আর্থিক সুবিধা প্রদান করা হচ্ছে না, যা উল্লিখিত সার্কুলার লেটার এর উদ্দেশ্য ও নির্দেশনার পরিপন্থি।

৩। কোভিড-১৯ এর কারণে সৃষ্ট আর্থিক ক্ষতি হতে দেশের অর্থনীতি পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বাংলাদেশ ব্যাংকের নিজস্ব অর্থায়নে বিপুল অংকের আর্থিক প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে যা তফসিলি ব্যাংকসমূহের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। এ সকল প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নসহ দেশের অর্থনীতির চাকা সচল রাখতে ফ্রন্টলাইনার হিসেবে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ নিরবচ্ছিন্নভাবে সর্বোচ্চ ঝুঁকি নিয়ে প্রয়োজনীয় ব্যাংকিং সেবা প্রদান করে যাচ্ছেন। ব্যাংকিং সেবা প্রদান করতে গিয়ে উল্লেখযোগ্য সংখ্যক ব্যাংক কর্মকর্তা-কর্মচারী কোভিড-১৯-এ আক্রান্ত হয়েছেন এবং অনেকে মৃত্যুবরণ করেছেন। কোভিড-১৯ এর কারণে সৃষ্ট সংকটময় পরিস্থিতিতে ব্যাংক কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরীচ্যুত করা হলে ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের মাঝে আতংকের সৃষ্টি হবে এবং তাদের মনোবল ও কর্মস্পৃহা হ্রাস পাবে। ফলে, ভবিষ্যতে মেধাবী ও অভিজ্ঞ ব্যক্তিবর্গ ব্যাংকে যোগদানে অনীহা প্রকাশ করবে যা দীর্ঘ মেয়াদে ব্যাংকিং খাতের জন্য ক্ষতিকর হবে মর্মে আশংকা করা হচ্ছে।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, কোভিড-১৯ এর প্রাদুর্ভাবে সৃষ্ট পরিস্থিতিতে প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে ব্যাংক কর্মকর্তা-কর্মচারীগণের গুরুত্বপূর্ণ ভূমিকা বিবেচনায় এবং এ সংকটময় পরিস্থিতিতে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণের কর্মস্পৃহা অটুট রাখার স্বার্থে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো:

(ক) সুনির্দিষ্ট ও প্রমাণিত কোন অভিযোগ না থাকলে কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরীচ্যুত না করা;

(খ) কোভিডকালীন শুধুমাত্র লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা বা অদক্ষতার কারণ প্রদর্শন করে কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরীচ্যুত অথবা পদত্যাগ করতে বাধ্য না করা;

পূর্ব পৃষ্ঠার পর

(গ) ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সময়ে ব্যাংকের যে সকল কর্মকর্তা-কর্মচারী সুনির্দিষ্ট ও প্রমাণিত কোন অভিযোগ না থাকা সত্ত্বেও চাকুরীচ্যুত হয়েছে কিংবা চাকুরী হতে পদত্যাগ করতে বাধ্য হয়েছে তাদেরকে (আবেদন প্রাপ্তি সাপেক্ষে) বিধি মোতাবেক চাকুরীতে বহাল করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সময়ে ব্যাংকের যে সকল কর্মকর্তা-কর্মচারীকে চাকুরীচ্যুত করা হয়েছে কিংবা যারা চাকুরী হতে পদত্যাগ করেছেন তাদের তথ্যাবলী আগামী ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে 'সংযোজনী-ক' অনুযায়ী ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে প্রেরণ করতে হবে (সফটকপি gm.brpd@bb.org.bd ইমেইল ঠিকানায়)।

৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ সার্কুলার জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আলী আকবর ফরাজী)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২

ব্যাংকের নামঃ

সারণী-১: বছরওয়ারী পদত্যাগকারী কর্মকর্তা-কর্মচারীদের তথ্যাদি (সংখ্যা)

২০১৭	২০১৮	২০১৯	২০২০	২০২১ (১৫ সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত)

সারণী-২: কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরীচ্যুত ও চাকুরী হতে পদত্যাগ সংক্রান্ত তথ্যাদি (০১ এপ্রিল ২০২০ তারিখ হতে ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত)

ক্রমিক নং	কর্মকর্তা- কর্মচারীগণের নাম ও পদবী	কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরীচ্যুত বা চাকুরী হতে পদত্যাগ করার তারিখ	কর্মকর্তা-কর্মচারীগণকে চাকুরীচ্যুত বা চাকুরী হতে পদত্যাগ করার বিষয়ে ব্যক্ত কারণ	সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের বর্তমান অবস্থান *

* অন্য কোন ব্যাংক/প্রতিষ্ঠানে চাকুরীরত অবস্থায় থাকলে সংশ্লিষ্ট ব্যাংক/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। চাকুরীরত অবস্থায় না থাকলে বা ব্যাংকের নিকট তথ্যাদি না থাকলে ব্যাংকে রক্ষিত তথ্য অনুযায়ী তার বর্তমান ও স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

যোগাযোগের জন্যঃ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম:

পদবী: -----অফিস ফোন নং:----- , মোবাইল ফোন নং:-----, ই-মেইল: